# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**07-04-2026** **Time: 7.50 PM**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) রাজ্যে বিধানসভা নির্বাচন এগিয়ে আসার সঙ্গেই জমে উঠেছে প্রচারাভিযান।

প্রথম দফার নির্বাচনে, ১৫২ টি আসনের জন্য জমা পড়া মনোনয়নপত্রগুলি আজ পরীক্ষা করে দেখা হয়।

২) নির্বাচন কমিশন প্রত্যেক বুথে কড়া নজরদারি চালানোর পূর্ণ প্রস্তুতি নিয়েছে ।

বুথের পরিকাঠামো খতিয়ে দেখতে প্রতিটি জেলায় একজন করে সচিব পদমর্যাদার আধিকারিক নিয়োগের সিদ্ধান্ত নির্বাচন কমিশনের।

৪) জাতীয় কংগ্রেস রাজ্যে বিধানসভা নির্বাচনের জন্য আজ তাদের নির্বাচনী ইস্তাহার প্রকাশ করেছে।

৫) আজ বিশ্ব স্বাস্থ্য দিবস। দেশের অন্যান্য অংশের সঙ্গে এরাজ্যেও স্বাস্থ্য সচেতনতা নিয়ে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

৬) টালিগঞ্জের আর্টিস্ট ফোরাম এবং ফেডারেশন, আজ থেকে তাদের কর্মবিরতি প্রত্যাহার করে নিয়েছে।

-----------------------------------------------------------------------------------

রাজ্যে বিধানসভা নির্বাচন এগিয়ে আসার সঙ্গেই জমে উঠেছে প্রচারাভিযান।

বরিষ্ঠ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নির্বাচনী প্রচারে আগামী ৯ তারিখ রাজ্যে আসছেন। পূর্ব মেদিনীপুরের হলদিয়ায়, পশ্চিম বর্ধামনের আসানসোল এবং বীরভূমের সিউরিতে দলীয় প্রার্থীর সমর্থনে তিনটি জনসভা করবেন তিনি।

প্রবীণ বিজেপি নেতা প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ উত্তর ২৪ পরগণার ব্যারাকপুরে পরিবর্তন সংকল্প সভায় অংশ নেন। তিনি বলেন, তৃণমূল কংগ্রেস অপশাসন ও দুর্নীতির প্রতীক। গত ১৫ বছর ধরে তোষণের রাজনীতি করছে তারা। শাসকদলের মদতেই অনুপ্রবেশকারীরা দেশে প্রবেশ করে জনবিন্যাস বদলে দিচ্ছে বলে অভিযোগ করেন তিনি।

বাইট রাজনাথ

পরিবর্তন সভা শেষে বিজেপির ৬ প্রার্থীকে সঙ্গে নিয়ে রোড শো করেন রাজনাথ সিং। পরে ঐ প্রার্থীরা নিজেদের মনোনয়ন জমা দেন।

কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী ধর্মেন্দ্র প্রধান আজ রাসবিহারী বিধানসভা কেন্দ্র দলীয় প্রার্থীর সমর্থনে প্রচারে অংশ নেন।

এদিকে, বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন দলীয় প্রার্থীদের সমর্থনে প্রচারে আগামীকাল উত্তরবঙ্গ যাবেন। আলিপুরদুয়ারে এক জনসভায় বক্তব্য রাখার পর নাগরাকাটায় চা শ্রমিকদের সঙ্গে বৈঠক করবেন। এছাড়াও ময়নাগুড়িতে রোডশোর পাশাপাশি শিলিগুড়িতে একটি বেসরকারি হোটেলে দলের সাংগঠনিক বৈঠকে যোগ দেবেন তিনি।

পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামে প্রচারে যোগ দেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিরকারী।

তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ উত্তর ২৪ পরগণার বনগাঁ নদীয়ার চাকদা, কল্যাণী এবং হরিণঘাটায় দলীয় প্রার্থীদের সমর্থনে প্রচারে যোগ দেন। চাকদায় এক জনসভায় তিনি বলেন, চক্রান্ত করে বেছে বেছে ভোটার তালিকা থেকে মানুষের নাম বাদ দেওয়া হচ্ছে। অনুপ্রবেশ ইস্যুতে এদিন কেন্দ্রীয় সরকারের সমালোচনা করে মুখ্যমন্ত্রী বলেন, সীমান্তে পাহারা দিচ্ছে বিএসএফ। কাস্টমস থেকে শুরু করে রেল সবই কেন্দ্রীয় সরকারের। অথচ অনুপ্রবেশের জন্য রাজ্য সরকারকে নিশানা করা হচ্ছে।

বাইট মমতা অনুপ্রবেশ

একশো দিনের কাজ এবং আবাস যোজনার টাকা কেন্দ্র বন্ধ করে রেখেছে বলে এদিন ফের অভিযোগ করেন মুখ্যমন্ত্রী।

কোচবিহারে নাটাবাড়ি ও তুফানগঞ্জে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভা করেন তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়।

এদিকে, সিপিআইএম-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী অভিযোগ করেছেন, এসআইএর-এ মানুষের নাম বাদ যাওয়ার জন্য মুখ্যমন্ত্রীই দায়ী।

বাইট সুজন

--------------------

রাজ্যে **প্রথম দফার** বিধানসভা **নির্বাচনে, ১৫২ টি** আসনের জন্য ২ হাজার ৩০৪ টি মনোনয়ন জমা পড়েছে। প্রাথমিকভাবে প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন এক হাজার ৫৮৬

জন। জমা পড়া মনোনয়নপত্রগুলি আজ পরীক্ষা করে দেখা হয়। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন আগামী বৃহস্পতিবার। ২৩ শে এপ্রিল এই দফায় ভোট নেওয়া হবে ।

**দ্বিতীয় দফায় ১৪২ টি** আসনের জন্য মনোনয়ন জমা দেওয়ার কাজ জোরকদমে চলেছে। আগামী বৃহস্পতিবার পর্যন্ত এই প্রক্রিয়া চলবে। পরদিন- শুক্রবার সেগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন ১৩'ই এপ্রিল। এই দফায় ভোট নেওয়া হবে ২৯শে এপ্রিল।

--------------------

আসন্ন বিধানসভা নির্বাচনে বুথে বুথে কড়া নজরদারি চালাতে পূর্ণ প্রস্তুতি নিয়েছে নির্বাচন কমিশন। ভোট চলাকালীন প্রত্যেক মুহূর্তের পরিস্থিতির ওপর নজর রাখতে ইতোমধ্যেই অত্যাধুনিক কন্ট্রোল রুম তৈরি করা হয়েছে। ৯০টি অত্যাধুনিক টিভি স্ক্রিনের সামনে বসে ২০০ জন মাইক্রো অবজার্ভার সর্বক্ষণ নজরদারি চলাবেন। বুথের ভিতর-বাইরের পাশাপাশি এলাকার গুরুত্বপূর্ণ রাস্তা এবং নাকা চেকিং পয়েন্টেও নজর রাখা হবে।

কমিশনের বিশেষ পর্যবেক্ষক সুব্রত গুপ্ত জানিয়েছেন, কন্ট্রোল রুমে আসা লাইভ ফুটেজ বিশ্লেষণের জন্য বিশেষ সফটওয়্যার ব্যবহার করা হবে, যার মাধ্যমে ভিড়ের মধ্যে থাকা ব্যক্তিদেরও চিহ্নিত করা সম্ভব। বুথের আশপাশে কোথাও সন্দেহজনক জমায়েত হলেই সতর্কবার্তা যাবে মাইক্রো অবজার্ভারদের কাছে।

--------------------

রাজ্যের বহু বুথে পর্যাপ্ত পরিকাঠামো না থাকায় অসন্তোষ প্রকাশ করে নির্বাচন কমিশন, প্রতিটি জেলায় একজন করে সচিব পদমর্যাদার আধিকারিক নিয়োগ করতে

নির্দেশ দিয়েছে। তারা সরাসরি বুথের পরিকাঠামো খতিয়ে দেখবেন। সংশ্লিষ্ট জেলাগুলিতে বুথ পরিদর্শনের পর কোথায় কী ঘাটতি রয়েছে, তা চিহ্নিত করে দ্রুত সমস্যার সমাধান করবেন। ভোটের আগে সমস্ত বুথে ন্যূনতম পরিকাঠামো নিশ্চিত করতেই এই পদক্ষেপ।

উল্লেখ্য, এব্যাপারে রাজ্য সরকারকে একাধিকবার নির্দেশ দেওয়া সত্ত্বেও সেই কাজে যথেষ্ট উদ্যোগ নেওয়া হয়নি বলে অভিযোগ।

-------------------

বিধানসভা নির্বাচনের আগে আগামীকাল রাজ্যের সব পর্যবেক্ষকের সঙ্গে বৈঠক করবেন মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার। বৈঠকে পর্যবেক্ষকদের কাজকর্ম নিয়ে বিস্তারিত আলোচনা হওয়ার কথা। পর্যবেক্ষকদের কাছ থেকে সরাসরি রিপোর্ট নিয়ে পরবর্তী কৌশল নির্ধারণ করতে পারেন মুখ্য নির্বাচন কমিশনার।

উল্লেখ্য এ বার রাজ্যে প্রতিটি বিধানসভার জন্য একজন করে সাধারণ পর্যবেক্ষক নিয়োগ করেছে কমিশন। পাশাপাশি পুলিশ পর্যবেক্ষকের সংখ্যাও উল্লেখযোগ্যভাবে বাড়ানো হয়েছে। সাধারণত একটি পুলিশ জেলা বা কমিশনারেট পিছু একজন পুলিশ পর্যবেক্ষক নিয়োগ করা হয়। তবে এ বার সেই সংখ্যা দ্বিগুণেরও বেশি করা হয়েছে বলে কমিশন সূত্রে খবর।

-------------------

রাজ্যে বিধানসভা ভোটের জন্য কংগ্রেস আজ তাদের নির্বাচনী ইশতেহার প্রকাশ করেছে। কলকাতায় এক সাংবাদিক বৈঠকে কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খার্গে বলেন, মহিলাদের ক্ষমতায়নে বিশেষ জোর দেওয়া হয়েছে তাদের ইস্তেহারে। পশ্চিমবঙ্গে স্থায়ী

উন্নয়নের জন্য মর্ডান ওয়েলফেয়ার জব সিস্টেম, মহিলাদের মাসিক দু হাজার টাকা, ১০ লক্ষ টাকার স্বাস্থ্য প্রকল্প, মহিলাদের স্নাতকোত্তর স্তর পর্যন্ত পড়াশুনার ক্ষেত্রে পূর্ণ আর্থিক সহায়তা, যুবকদের কর্মসংস্থান ইত্যাদির উল্লেখ রয়েছে ইস্তেহারে। সাংবাদিক বৈঠকে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার, এ আইসিসির সাধারণ সম্পাদক গোলাম আহমেদ মীর সহ প্রদেশ কংগ্রেসের অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

------------------

আজ বিশ্ব স্বাস্থ্য দিবস। ১৯৪৮ সালের আজকের দিনে বিশ্ব স্বাস্থ্য সংস্থা তৈরি হয়েছিল। দিনটিকে স্মরণে রাখতে ও বিশ্বব্যাপী স্বাস্থ্য সচেতনতা বাড়িয়ে তুলতে দেশের অন্যান্য অংশের সঙ্গে এরাজ্যেও স্বাস্থ্য সচেতনতা নিয়ে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

ভুল ধারণা ও কুসংস্কার দূরে সরিয়ে চিকিৎসায় বিজ্ঞানমনস্কতা বাড়াতে বিশ্ব স্বাস্থ্য দিবসের এবারের মূল ভাবনা “টুগেদার ফর হেলথ স্ট্যান্ড উইথ সাইন্স" অর্থাৎ স্বাস্থ্যের জন্য সকলকে বিজ্ঞানের পাশে দাঁড়াতে হবে। আকাশবাণী সংবাদের একটি প্রতিবেদন।

ভয়েসকাস্ট

-----------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় বিশ্ব স্বাস্থ্য দিবস। “দিনটির তাৎপর্য ও জনস্বাস্থ্য বিষয়ক সচেতনতা” এই বিষয়ে আমাদের প্রতিনিধি কাশফিন নাহার কথা বলেছেন বিশিষ্ট জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ডাক্তার কাজল কৃষ্ণ বণিক এবং ডাক্তার মধুমিতা দোবের সঙ্গে।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

-------------------

ওড়িশার তালসারিতে শ্যুটিং-এর কাজে গিয়ে জলে ডুবে অভিনেতা রাহুল অরুনোদয় ব্যানার্জির মৃত্যুর প্রতিবাদে অনির্দিষ্টকালের জন্য ডাকা কর্মবিরতি প্রত্যাহার করে নিয়েছে টালিগঞ্জের আর্টিস্ট ফোরাম এবং ফেডারেশন। আজ দফায় দফায় বৈঠকের পর এই সিদ্ধান্ত। যে প্রযোজনা সংস্থার শ্যুটিং-এ গিয়ে এই ঘটনা, তাদের বয়কটের সিদ্ধান্তও নেওয়া হয়েছে। আর্টিস্ট ফোরামের সভাপতি রঞ্জিত মল্লিক জানান, ওই প্রযোজনা সংস্থার সঙ্গে আপাতত কোনো শিল্পী বা টেকনিশিয়ান কাজ করবেন না। অভিনেতার মৃত্যুর ঘটনার যথাযথ তদন্তেরও দাবি জানিয়েছেন তিনি।

ফোরামের সদস্য প্রসেনজিৎ চট্টোপাধ্যায় জানিয়েছেন, শিল্পী ও কলাকুশলীদের নিরাপত্তার স্বার্থে খুব শীঘ্রই তৈরি করা হবে মান্য কার্য বিধি বা এসওপি।

এই দিনের বৈঠকে উপস্থিত ছিলেন ঋতুপর্ণা সেনগুপ্ত, হরনাথ চক্রবর্তী, শুভশ্রী গঙ্গোপাধ্যায়, যীশু সেনগুপ্ত-সহ বিভিন্ন অভিনেতা অভিনেত্রী, পরিচালক ও কলাকুশলীরা।

-------------------

মালদা বন্যা ত্রাণ দুর্নীতি মামলায় অভিযুক্তদের বিরুদ্ধে পুলিশ কি পদক্ষেপ করেছে, এক মাসের মধ্যে হলফনামা দিয়ে তা রাজ্যকে জানাতে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চে, আজ এই সংক্রান্ত মামলার শুনানি হয়। কলকাতা হাইকোর্টের নির্দেশ মত কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল ক্যাগ এই মামলার তদন্ত করে ৬৭৮ পাতার

রিপোর্ট দিয়ে আদালতে জানায়, ত্রাণের ৫০ কোটি টাকা তছরুপ করা হয়েছে। সেই রিপোর্টের প্রেক্ষিতেই এই ঘটনায় এখন পর্যন্ত কটা এফআইয়ার দায়ের হয়েছে, অভিযুক্তদের বিরুদ্ধে কি পদক্ষেপ করা হয়েছে, তা বিস্তারিত জানাতে বলেছে বেঞ্চ।

উল্লেখ্য, ২০১৭ সালে মালদার ১২টি ব্লকের মোট ১৪৭ টি গ্রাম পঞ্চায়েতে বন্যায় ক্ষতিগ্রস্তদের ঘর নির্মাণে মোট ৫৮ কোটি টাকা বরাদ্দ করেছিল দুর্যোগ মোকাবিলা দফতর। কিন্তু সেই টাকা প্রকৃত প্রাপকদের না দিয়ে আত্মসাৎ-এর অভিযোগ ওঠে। এরপরই কলকাতা হাইকোর্ট ক্যাগকে তদন্তের নির্দেশ দেয়।

--------------------

দক্ষিণবঙ্গের বহু জেলায় আজ দুপুরের পর দমকা হাওয়া এবং বৃষ্টি হয়েছে। আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে আগামীকাল কালবৈশাখীর গতিবেগ এবং বৃষ্টির পরিমাণ বাড়ার সম্ভাবনা রয়েছে।

উত্তরবঙ্গের পাঁচটি জেলাতে বিক্ষিপ্তভাবে বৃষ্টি হয়।

এদিকে, গতকাল থেকেই ঝড় বৃষ্টির কারণে তাপমাত্রা পারদ বেশ নিম্নমুখী। আলিপুরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের থেকে ৫ ডিগ্রি কম ছিল। সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩২ ডিগ্রী সেলসিয়াস স্বাভাবিকের থেকে তিন দশমিক দুই ডিগ্রি কম।

আগামী দুই থেকে তিন ঘণ্টার মধ্যে পূর্ব বর্ধমান, হুগলি ও হাওড়া জেলায় তীব্র বজ্রপাত এবং ঝড়ো হওয়ার সঙ্গে বৃষ্টি এবং নদিয়া ও মুর্শিদাবাদ জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

-------------------- --------------------